

## দেশী নাটকে প্রবাসী অবদান

নিজস্ব প্রতিবেদক: সম্প্রতি বাংলাদেশে ইন.কম.ট্যাক্স নামে একটি টেলিভিশন নাটক নির্মিত হয়েছে। শুধুমাত্র নিছক প্রেম কিংবা জোর করে হাসানোর কষ্টকল্পিত চেষ্টার বাইরে সম্পূর্ণ ভিন্নধর্মী ভাবনা নিয়ে হাসান নাইম মিরাজ নাটকটি নির্মান করেছেন। প্রসঙ্গত: আলাপকালে পরিচালক নাইম মিরাজ জানান, হাতে গোনা দু'চারটি বাদ দিলে গত এক দশকে প্রচারিত বাংলাদেশের অধিকাংশ টেলিভিশন নাটক মানসম্মত নয়। সমাজে, দেশে কিংবা বৃহৎ পরিসরে ভূমিকা রাখার প্রয়াস নেই। ইন.কম.ট্যাক্স নাটকটি অনেক দিক থেকে এশটি ভিন্নধর্মী প্রয়াস। দেশের ছিন্নমূল মানুষের জন্য চিন্তা নির্ভর। পিছিয়ে পড়া মানুষের কর্তৃপক্ষের উপস্থাপণ। সামগ্রিকভাবে মূল্যবোধ, দরিদ্র জনগোষ্ঠী এবং তাদের প্রতি সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গিকে উপস্থাপণ করা হয়েছে এ নাটকে। একই সাথে স্নোগান নির্ভর দারিদ্র্য বিমোচনের নীতি নির্ধারকদেরও নাড়া দেয়ার চেষ্টা করা হয়েছে। এক কথায় এটি একটি আশা জাগানিয়া নাটক।

পরিচালক আরো বলেন, এই প্রথম বাংলাদেশের কোনো টিভি নাটকের থিম সং এবং মিউজিক ট্রাকের জন্য টেকনিক্যাল আউটসোর্সিং করা হলো প্রবাস থেকে। ভবিষ্যতে হয়তো অনেকেই এ ব্যাপারে আগ্রহী হবেন। প্রবাসে অনেক মেধাবী বাঙালী আছেন, তারাও অনেকভাবে দেশের শিল্প সাহিত্যে অবদান রাখতে পারেন। প্রয়োজন শুধু সঠিক যোগাযোগের। ‘ইন.কম.ট্যাক্স’ নাটকের থিম সং এর গীতিকার সিডনী প্রবাসী লেখক শাখাওয়াৎ নয়ন এবং শিল্পী ও সুরকার আতিক হেলালের কাজ ইতিমধ্যেই অভিনেতা অভিনেত্রীদের কাছে প্রশংসিত হয়েছে। নাটকের মূল ভাবনার সাথে গান দুটো খুব ভালো মানিয়েছে। প্রধান চরিত্রে অভিনয় করেছেন বন্যা মির্জা এবং রওনক হাসান। আশা করি নাটকটি দর্শক প্রশংসিত হবে। এখানে নাটকটির প্রমো-লিংক দেয়া হলো:

[http://bangla-sydney.com/view\\_item.asp?url=in.com.tax](http://bangla-sydney.com/view_item.asp?url=in.com.tax)